দৈনিক ইত্তেফাক

তারিখ ...

পৃষ্ঠা ... কলাম ...

# কলেজ শিক্ষকদের হয়রানি ও নির্যাতন প্রতিরোধ কমিটি গঠিত

**প্রেস বিজ্ঞপ্তি ঃ** বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতির (বাকশিস) ঢাকা মহানগর শাখার সভায় মেট্রোপলিটন এলাকার বিভিন্ন বেসরকারী কলেজে শিক্ষকদের উপর হয়রানি ও নির্যাতনের বিরুদ্ধে, ৭ সদস্যবিশিষ্ট 'প্রতিরোধ কমিটি' গঠিত হয়েছে। এ কমিটি চাকরি বিধি মোতাবেক শিক্ষকদের পরামর্শ দেবে ও আইনগত সহায়তা দানসহ বোর্ড, বিশ্ববিদ্যালয় ও সরকারের সংশ্লিষ্ট বিভাগসমূহের সাথে যোগাযোগের ক্ষেত্রে প্রয়োজনীয় সহযোগিতা দান করবে। সভায় দ্রব্যমূল্যের অসহনীয় বৃদ্ধির পরিপ্রেক্ষিতে ৩০% মহার্ঘ ভাতা, বিএনপির নির্বাচনী প্রতিশ্রুতি মোতাবেক ১০% বর্ধিত সরকারী বেতন, ১৮ হাজারেরও অধিক অবসরপ্রাপ্ত বেসরকারী শিক্ষক-কর্মচারীদের 'অবসর পরিকল্পের' আওতায় অবিলম্বে প্রাপ্য অর্থ পরিশোধের ব্যবস্থা নেয়ার জন্য অবিলম্বে সরকারের প্রতি আহবান জানানো হয়। গত (সোমবার) সিদ্ধেশ্বরী বিশ্ববিদ্যালয় কলেজে অনুষ্ঠিত সভায় সভাপতিত্ব করেন ঢাকা মহানগর শাখার সভাপতি অধ্যাপক মোহাম্মদ বদিউল আলম এবং প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন বাকশিস কেন্দ্রীয় কমিটির সভাপতি অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ ও অন্য শিক্ষক নেতৃবৃন্দ।